

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৬৬.২০২৩.৪৩

তারিখ: ২২ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ শ্রাবণ ২০২৪ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মো: আব্দুর রহমান (সাময়িক বরখাস্তকৃত), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীনে অনুষ্ঠিত-২০২২ সালের এস.এস.সি পরীক্ষায় কুড়িগ্রাম জেলার ভুরুঞ্জামারী উপজেলাধীন ভুরুঞ্জামারী নেহাল উদ্দিন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্রের ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন কালে ১৩/০৬/২০২২ তারিখে তাঁর উপস্থিতিতে প্রশ্নপত্র সোর্টিং করার সময় প্রধান শিক্ষক ও অন্যরা প্রশ্নপত্র সরিয়ে নেওয়ার অভিযোগ উত্থাপিত হয়েছে। এতে দায়িত্বপালনে তাঁর বিরুদ্ধে চরম অবহেলা, উদাসিনতা ও গাফিলতির অভিযোগ জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ০৫/১২/২০২৩ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত উভয় পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং নথির অন্যান্য কাগজপত্র ও প্রমাণক পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দস্ত পাওয়ার যোগ্য;

সেহেতু জনাব মো: আব্দুর রহমান (সাময়িক বরখাস্তকৃত), উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত রাখার দস্ত প্রদান করা হলো। স্থগিতকৃত বর্ধিত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। উল্লেখ্য, তাঁর সাময়িক বরখাস্তকালকে “অসাধারণ ছুটি” হিসেবে গণ্য করা হবে এবং সাময়িক বরখাস্তকালে অভিযুক্ত কর্মকর্তাকে রাষ্ট্রকর্তৃক প্রদত্ত খোরপোষ ভাতা ফেরত প্রদান করতে হবে না। একই সঙ্গে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৬৬.২০২৩.৪৩

তারিখ: ২২ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ শ্রাবণ ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: আব্দুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (সরকারি মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৬। জনাব মো: আব্দুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম।

  
(মো: শাহিনুর ইসলাম)  
উপসচিব